# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৮. ১. ৬. ১৮. হারোণ-বংশীয় ছাড়া কেউ যাজক-ইমাম হলে মৃত্যুদণ্ড

বাইবেলের বর্ণনায় হারোণ পূজার জন্য স্বর্ণের বাছুর-প্রতিমা নির্মাণ করেন এবং বনি-ইসরাইল তা পূজা করে। ঈশ্বর পূজাকারীদের শাস্তি দিলেও হারোণকে পুরস্কার দেন। তিনি তাঁকে ও তাঁর বংশধরদেরকে চিরস্থায়ীভাবে ঈশ্বরের প্রজা বা 'বান্দাদের' জন্য যাজক বা ইমাম বানিয়ে দেন। উপরন্তু তিনি নির্দেশ দেন যে, অন্য কোনো বংশের কেউ ইমাম হলে তাকে হত্যা করতে হবে: "ইমাম হিসেবে কাজ করবার জন্য তুমি হারুন ও তার ছেলেদের নিযুক্ত কর। তারা ছাড়া আর কেউ যদি ইমামের কাজ করতে যায় তবে তাকে হত্যা করা হবে।" (শুমারী/ গণনাপুস্তক ৩/১০)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14423

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন